মেহেরপুরে আচরণবিধি লঙ্ঘনের মচ্ছব, নির্বিকার দায়িত্বপ্রাপ্তরা

মেহেরপুর-১ সংসদীয় আসনে (সদর ও মুজিবনগর) চলছে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘণের মচ্ছব। প্রতীক বরাদ্দের আগেই নির্বাচনী অফিস ও তোরণ নির্মাণ করছেন নৌকা প্রতীকের প্রার্থীর সমর্থক ও অনুসারীরা। মোবাইল কোর্ট থাকছে নির্বিকার। জেলা নির্বাচন কর্মকর্তা বলছেন আমরা সকলকে মৌখিকভাবে অনুরোধ করছি আচরনবিধি অমান্য না করার জন্য, তবে এখনই কোন অ্যাকশনে যাচ্ছে না।

গত বুধবার ৬ নভেম্বর মুজিবনগরের তারানগর গ্রামে চাষী ক্লাবের পাশে আওয়ামী লীগের মনোনীত প্রার্থীর সমর্থনে নির্বাচনী প্রচারণা অফিস উদ্বোধন করেন মাদক কেলেঙ্কারিতে সদ্য বহিষ্কৃত মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব ও আরিফ মাস্টার। অফিসের সামনে নৌকা প্রতীকের তোরণ নির্মাণ করে লাইটিং করা হয়েছে।

বিষয়টি নিয়ে শেখ সাকিবের বক্তব্য নিতে গতকাল বৃহস্পতিবার বিভিন্ন সময়ে তার মোবাইলে অসংখ্যবার কল দিলেও তিনি ফোন ধরেননি।

ইতোপূর্বে মেহেরপুর সদর উপজেলার বামন পাড়া মোড়ে প্রতীক বরাদ্দের আগেই প্রতীকের তোরণ নির্মাণ ও জোরপূর্বক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিয়ে নৌকার প্রার্থীর পক্ষে সভা করানোর অভিযোগ ওঠে। বিস্তারিত বিষয়টি একটি স্থানীয় পত্রিকায় প্রকাশিত হলেও নেওয়া হয়নি কোন ব্যবস্থা।

মেহেরপুর ১ সংসদীয় আসনের স্বতন্ত্র প্রার্থী ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান বলেন, ‘আচরণবিধি লঙ্ঘনের বিষয়টি নিয়ে কয়েকবার নির্বাচনকালীন মোবাইল কোর্টের দায়িত্বে থাকা সদর এসিল্যান্ডের কাছে মৌখিকভাবে অভিযোগ দেওয়া হলেও তিনি নির্বিকার রয়েছেন। জেলা রিটারনিং কর্মকর্তার কাছেও আমি লিখিত অভিযোগ দিয়েছি। আমি নিজেও আওয়ামী লীগ করি, আওয়ামী লীগ থেকেই দুইবার সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলাম। কিছু অনুপ্রবেশকারী ভুঁই ফোড় নব্য আওয়ামী লীগ নেতা কর্মী ও প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের নির্লিপ্ততায় শেখ হাসিনা ও আওয়ামী লীগকে জনগণের কাছে অহেতুক

বিতর্কিত করা হচ্ছে। জানিনা এটা বর্তমান সরকারকে বিতর্কিত করার কোন ঘৃণ্য পরিকল্পনার অংশ কিনা।’

নির্ধারিত সময়ের আগেই নৌকার নির্বাচনী প্রচারণা অফিস এবং তোরণ নির্মাণের কারণ সম্পর্কে জানতে চাইলে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বলেন, ‘আমার বাড়ি গাংনী উপজেলায়। আমি মেহেরপুরের সম্পর্কে কোন মন্তব্য করতে পারবো না। আপনি বরং দলীয় সভাপতি কে ফোন দেন। ‘

জেলা নির্বাচন অফিসার মোঃ ওয়ালিউল্লাহ’কে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগের বিষয়টি নিয়ে প্রশ্ন করলে তিনি বলেন, ‘আমরা সর্বাত্মকভাবে চেষ্টা করে যাচ্ছি প্রার্থীদের নির্বাচনী আচরণবিধি মেনে চলতে উৎসাহিত করার জন্য। একটি পরিপত্রের কারণে কিছুটা অস্পষ্টতা তৈরি হয়েছে। আমরা নিজেরাই এখন স্পষ্ট হতে পারছি না, কি করা যাবে না আর কি করা যাবে। আপনি জেলা রিটার্নিং কর্মকর্তার সাথে বিষয়টা নিয়ে কথা বলেন। উনি ব্যাপারটি স্পষ্ট করতে পারবেন।’

জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং অফিসার শামীম হাসান বলেন, ‘কোন প্রার্থী বা তার সমর্থক ১৮ তারিখের আগে কোন ভাবেই নির্বাচনী অফিস বা তোরোণ নির্মাণ করতে পারবে না। এটা আচরণবিধির সুস্পষ্ট লঙ্ঘন। এ ধরনের ঘটনার কোনো লিখিত অভিযোগ পেলে আমরা কঠোর ব্যবস্থা নেব। ‘

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি পরামর্শ সভা অনুষ্ঠিত

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় মৎস্য সেবা ও পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে ।

উক্ত পরামর্শ সভা আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলার মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান।

এ সময় চাষীদের পুকুরে প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারণ রোগ-প্রতিকার, মাছ চাষের সাধারণ সমস্যাবলী ও সমাধানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও খাদ্য ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ ও পানি পরীক্ষার গুরুত্ব তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে উপকারভোগীদের মাঝে উপকরণ বিতরন

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় উচ্চমূল্যের চিতল-কার্প মাছের মিশ্র চাষ প্রদর্শনীর জন্য চিতল মাছের পোনাসহ নানা উপকরণ বিতরন করা হয়।

আজ বৃহস্পতিবার সকালে আড়পাড়া, তেরাইল,ষোলোটাকাসহ অন্যান্য গ্রামের উপকারভোগীদের মাঝে চিতল মাছের পোনাসহ মাছ চাষ সহায়ক ঝাঁকি জাল, রাসায়নিক সার, জিও লাইট, সবজি বীজ, পেঁপে, বেগুণ, টমেটো, ঝালের চারা ও অন্যান্য উপকরণ বিতরণ করা হয়।

এ সময় গাংনী উপজেলার মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান ও সংস্থার কর্মকর্তাসহ চাষীবৃন্দ উপস্থিত ছিলেন। উপকারভোগীদের উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষের পাশাপাশি পুকুর পাড়ের অনাবাদি জমিতে সবজি চাষের বিষয়ে উদ্বুদ্ধ করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মুজিবনগরে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনের অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনু্ষ্ঠিত

মুজিবনগরে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনের অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনু্ষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে এবং জাতীয় পুষ্টিসেবা স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের বাস্তবায়নে,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান এর সভাপতিতে এবং ডা: আবু সাঈদ এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

অবহিতকরণ ও পরিকল্পনা সভায় আরো উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ, IFA এবং BP এর জেলা সমন্বয়কারী লিপোস ম্রি,উপজেলা আনসার ভিডিপির প্রশিক্ষিকা ফেরদৌসি আরা, মুজিবনগর থানার এস আই আব্দুর রাজ্জাক, গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির হেলথ অফিসার আহসানুল হকসহ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্মচারিবৃন্দ।

উল্লেখ্য যে ১২ই ডিসেম্বর মুজিবনগর উপজেলায় ৬ থেকে ১১ মাস বয়সী ১১৮২ জনে একটি নীল রঙের এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৮৪৬৯ জন শিশুকে একটি লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

মেহেরপুরে সরকারিভাবে ধান চাল ক্রয়ের উদ্বোধন

মেহেরপুরে আমন ধান ও সিদ্ধ চাল সংগ্রহর উদ্বোধন করা হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে জেলা খাদ্য গোডাউনে আনুষ্ঠানিকভাবে ধান চাল ক্রয়ের উদ্বোধন করেন জেলা প্রশাসক মো. শামীম হাসান।

২০২৩-২০২৪ অর্থবছরে আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত ধান ৩০ টাকা কেজি দরে ১০০৯ মেট্রিক টন এবং সিদ্ধ চাল ৪৪ টাকা কেজি দরে ৭২৫ মেট্রিক টন কেনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

ধান চাল কেনার আয়োজিত অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন-ধান চাল ক্রয় কমিটির সভাপতি মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিব হাসান, জেলা খাদ্য নিয়ন্ত্রক এম এম ইকবাল হোসেন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সদর উপজেলা ভারপ্রাপ্ত খাদ্য নিয়ন্ত্রক দেবদূত রায়, আমঝুপি খাদ্য গোডাউন কর্মকর্তা রেবেনা পারভিনসহ কৃষকও চালকল মালিক সমিতির সদস্যরা।

জেলা খাদ্য নিয়ন্ত্রক এম এম ইকবাল হোসেন জানান, ১০০৯ মেট্রিক টন ধান এবং ৪৪ মেট্রিক টন সিদ্ধ চাল কেনা হবে। ৩০ টাকা কেজি দরে ধান ও ৪৪ টাকা কেজি দরে চাল সরকারিভাবে সংগ্রহর এই কার্যক্রম চলবে ২০২৪ সালের ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত।

মেহেরপুরে আনন্দ ও প্রতিবাদ সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুর মুক্ত দিবস ও ফিলিস্তিনে গণহত্যার বন্ধের দাবিতে অরণি থিয়েটার ও চিলড্রেনস থিয়েটারের আয়োজন ” আনন্দ ও প্রতিবাদের সাংস্কৃতিক আয়োজন”।

গতকাল বুধবার ৬ ডিসেম্বর মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সামনে সড়কের পাশে উন্মুক্ত স্থানে এ আয়োজন বাস্তবায়ন করা হয়।

প্রাকৃতিক বৈরী আবহাওয়ার মধ্যেও মানুষের আন্তরিক উপস্থিতি ছিল।

সংগীত পরিবেশন করেন চ্যানেল আই খুদে গানরাজ উদয়, সোনিয়া, সামারুল, মিঠু, বৈশাখী, ওয়াফা, আলো, মাহাবুব, দেলোয়ার, রুবেল, সানোয়ার, ওবায়দুল, কুতুব, মুক্তার,রবকুল,শফিকুল রিপন প্রমুখ শিল্পী।

পুনরায় সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু

দুই বছর মেয়াদি মেহেরপুর জেলা প্রেসক্লাবের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে দৈনিক যুগান্তর পত্রিকার জেলা প্রতিনিধি তোজাম্মেল আযম সভাপতি ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

বুধবার (৬ ডিসেম্বর) বিকেলে প্রেসক্লাবে অনুষ্ঠিত নির্বাচনে প্রধান নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ও সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু।

তিনি বলেন, ১১টি পদের বিপরীতে কোনটিতেই কোন প্রতিদ্বন্দীতা না থাকায় সকলে বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়েছেন।

নির্বাচন পরিচালনা কমিটির অন্য সদস্যরা হলেন- আনোয়ারুল হক কালু ও মাহবুবুল হক মন্টু।

কমিটির অন্যরা হলেন- সহসভাপতি দি নিউজ টাইমস প্রতিনিধি আবু নাসের চৌধুরি সম্রাট, যুগ্ম সাধারণ সম্পাদক পদে ঢাকা পোস্টের জেলা প্রতিনিধি আকতারুজ্জামান, অর্থ বিষয়ক সম্পাদক বাসসের জেলা প্রতিনিধি দিলরুবা খাতুন, গণযোগাযোগ সম্পাদক দৈনিক জবাবদিহির সিদ্দিকী শাহীন ও দপ্তর সম্পাদক হিসেবে দৈনিক আমাদের অর্থনীতির মাসুদ রানা নির্বাচিত হয়েছেন।

নির্বাহী সদস্যরা হলেন- ডেইলি স্টারের আঞ্চলিক প্রতিনিধি ড. আমানুর আমান, দৈনিক দিনকালের হারুনুর রশিদ রবি, আমাদের সূর্যোদয় পত্রিকার মুহম্মদ মহসীন ও ভোরের কাগজের মর্তুজা ফারুক রুপক।

ডাঃ রমেশ ক্লিনিকে হরিজন সম্প্রদায়ের লোকদের ভাঙচুর

অস্ত্রোপচারের প্রায় দুই মাস পার হওয়ার পরও রোগী সুস্থ না হওয়াতে ভুল চিকিৎসার অভিযোগ এনে রমেশ ক্লিনিকে ভাঙচুর চালিয়েছে হরিজন সম্প্রদায়ের কয়েকজন। ক্লিনিকে হামলার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

একাধিক সূত্র থেকে জানা গেছে প্রায় দুই মাস আগে মেহেরপুর শহরের হালদারপাড়া নিবাসী এবং জেলা জজ আদালতে সুইপার পদে কর্মরত বিনোদের স্ত্রী জোসনা মেহেরপুর শহরের মল্লিকপাড়ায় ডাঃ রমেশ ক্লিনিকে পিত্তথলিতে অস্ত্রপচার করান। অস্ত্রপচার করেন ডাঃ মোস্তফা জাহিদ কামাল। ক্লিনিক থেকে ছাড়পত্র নিয়ে বাড়ি যাওয়ার কয়েকদিন পর জোসনার শারীরিক অবস্থার অবনতি ঘটে। রোগীর স্বামী রোগীকে আবার রমেশ ক্লিনিকে নিয়ে আসলে পরীক্ষা-নিরীক্ষা করে দেখা যায় জোসনার একটি নার্ভ ছিড়ে গেছে।

রোগী অসচ্ছল ও হরিজন সম্প্রদায়ের হওয়াতে এবং জেলা জজ আদালতের কর্মচারীদের অনুরোধে রমেশ ক্লিনিক কর্তৃপক্ষ তার চিকিৎসা দায়িত্ব নিয়ে উন্নত চিকিৎসার জন্য প্রথমে রাজশাহী ও পরে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়।

দীর্ঘদিন চিকিৎসা করানোর পরও তার অবস্থার কোন উন্নতি না হওয়াতে ভুল চিকিৎসার কারণে জোসনার অবস্থার অবনতি হয়েছে এমন অভিযোগ এনে কতিপয় ব্যক্তি বুধবার বিকালে ডাঃ রমেশ ক্লিনিকে ভাঙচুর চালালে, খবর পেয়ে মেহেরপুর সদর ফাড়ি পুলিশ এবং ডিবি সদস্যরা ঘটনা স্থলে উপস্থিত হয়ে উভয় পক্ষের সাথে কথা বলে। ক্লিনিক কর্তৃপক্ষ জোসনার আরো উন্নত চিকিৎসার দায়িত্ব নেওয়ার আশ্বাস দেয়ার পর বিষয়টির সাময়িক মীমাংসা হয়।

এ বিষয়ে রমেশ ক্লিনিকের ম্যানেজার শহিদুল ইসলাম বলেন, ‘অপারেশনের পর রোগী বাড়ি চলে যায়। পরে আবার শারীরিক অবস্থার অবনতি হলে রোগী অসচ্ছল হওয়াতে আমি তার উন্নত চিকিৎসার দায়িত্ব নিয়ে। দুই মাস যাবৎ তার চিকিৎসা সকল খরচ আমি দিচ্ছি। এ পর্যন্ত আমার প্রায় দুই লক্ষ টাকা খরচ হয়েছে তার চিকিৎসার বাবদ। রোগীর স্বামী রোগীর সাথে ঢাকায় আছে। আজকেও আমার সাথে তার কথা হয়েছে, টাকাও পাঠিয়েছি। কিন্তু হরিজন সম্প্রদায়ের কয়েকজন আজকে আমার ক্লিনিকে যে ভাঙচুর অপ্রীতিকর অবস্থার সৃষ্টি করেছে সেটা সম্পূর্ণ অনাকাঙ্ক্ষিত।

মেহেরপুরে গরু বাচাতে যেয়ে বিদ্যুৎস্পৃষ্ট, অতঃপর মৃত্যু

মেহেরপুরের রাজনগর গ্রামে নিজ বাড়িতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তরিকুল ইসলাম (৩০) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। তরিকুল ইসলাম সদর উপজেলার রাজনগর গ্রামের মোল্লাপাড়ার লিয়াকত আলীর ছেলে।

আজ বুধবার (৬ ডিসেম্বর) সকাল সাড়ে ১০ টায় নিজ বাড়িরতেই লালন পালন করা একটি গরুকে বিদ্যুতায়িত হওয়া থেকে বাঁচাতে যেয়ে তরিকুল নিজেই বিদ্যুতস্পৃষ্ট হয়।

প্রত্যক্ষদর্শী ও এলাকাবাসীরা জানায় তরিকুল বিদ্যুৎ মিস্ত্রি হিসেবে কাজ করতো। বারাদি বাজারে ইলেকট্রিক সামগ্রীর একটি দোকানও রয়েছে তার।

নিজ বাড়ির গোয়াল ঘরের পাশ দিয়ে বিদ্যুতের লাইন টানা ছিলো। সেখানে একটি সিমগাছের লতা তারের সাথে জড়ানো ছিলো। বাড়িতে লালন পালন করা একটি গরু সিমের লতা সহ বিদ্যুতের তার চাবাতে যেয়ে বিদ্যুতায়িত হয়। গরুটিকে বাঁচাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হন তরিকুলও। এলাকাবাসী তাকে উদ্ধার মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম ঘটনার সত্যতা

নিশ্চিত করেছেন।

মেহেরপুরে মাদকবিরোধী অভিযানে পিতা-পুত্রসহ আটক-৩

মেহেরপুরে এক মাদক বিরোধী অভিযানে পিতা-পুত্র সহ ৩ জনকে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল।

আটককৃতরা হলো মেহেরপুর নতুন পোস্ট অফিস পাড়ার মৃত ইউনুস খাঁর ছেলে জনি খাঁ (৪০) তার ছেলে শিশির (২২) ও গোরস্থান পাড়ার আবু হানিফের ছেলে আমিনুল ইসলাম ওরফে এ্যামি(৪৮)।

আজ বুধবার (৬ ডিসেম্বর) সকালে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসেমের নেতৃত্বে একটি দল মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর গ্রাম থেকে তাদের আটক করে। এসময় তাদের কাছ থেকে ১৭ গ্রাম হেরোইন এবং মাদক পরিবহনে ব্যবহৃত ডিসকভার মোটরসাইকেল উদ্ধার ও জব্দ করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে পরিদর্শক আবুল হাশেম বলেন, ‘উদ্ধারকৃত মাদকের বাজার মূল্য প্রায় ২ লাখ ৫০ হাজার টাকা।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করে আটককৃতদের মেহেরপুর সদর থানায় সোপর্দ করা হয়েছে।’